

কোম্পানির পরিচালক পর্ষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা  
এর  
কোড অব কন্ডাক্ট



মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড  
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি অঙ্গ প্রতিষ্ঠান)  
৫৮-৫৯, আত্মবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম

# মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

৫৮-৫৯ আত্মবাদ বা/এলাকা, চট্টগ্রাম।

কোম্পানির পরিচালক পর্ষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা

এর

## কোড অব কন্ডাক্ট

### ১) ভূমিকা :

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক কর্পোরেট গভর্নেন্স কোড বিষয়ক জারীকৃত নোটিফিকেশন নম্বর বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখ ০৩ জুন, ২০১৮ এর ১ (৭)(ক) এবং (খ) ধারা অনুযায়ী এই কোড অব কন্ডাক্ট “মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড পরিচালক পর্ষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ এবং প্রধান নির্বাহী কর্মকর্তার জন্য প্রযোজ্য কোড অব কন্ডাক্ট” নামে অভিহিত হইবে।

এই কোড অব কন্ডাক্ট নির্দেশিত নীতিমালা অনুযায়ী কোম্পানির পরিচালক পর্ষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা পরিচালিত হইবেন এবং শেয়ারহোল্ডার, সরকার, বিধিবদ্ধ সংস্থা, অংশীজন, ক্রেতা সাধারণ, বৃহত্তর সমাজ এবং কোম্পানীর সংশ্লিষ্ট অন্যান্যদের প্রতি যথাযথ দায়িত্ব পালন করিবেন।

কোডটি ব্যবসায়িক স্বচ্ছতা ও আচরণ, প্রাতিষ্ঠানিক সংস্কৃতি এবং মূল্যবোধগুলির উচ্চ নৈতিক মান বজায় রাখার জন্য নির্দিষ্ট করা হইয়াছে। এই কোডটি অনৈতিক কার্যকলাপের প্রতিবন্ধক হিসেবে এবং নৈতিক মূল্যবোধের উন্নীতকরণ এবং কোম্পানির শেয়ারহোল্ডার, ক্রেতা সাধারণ, পাওনাদার, কর্মকর্তা-কর্মচারী সহ অন্যান্য ব্যবসায়িক সহযোগীদের সর্বোচ্চ স্বার্থ রক্ষায় প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রম সফলভাবে পরিচালনার বিষয়েও প্রতিশ্রুতির প্রকাশ করে।

### ২) সংজ্ঞা এবং ব্যাখ্যা :

(ক) “বোর্ড” অর্থ মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর পরিচালক পর্ষদ,

(খ) “পরিচালক” অর্থ স্বাধীন পরিচালক সহ পর্ষদের পরিচালকবৃন্দ,

(গ) “প্রধান নির্বাহী কর্মকর্তা” অর্থ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক,

(ঘ) “কোম্পানি” অর্থ মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড,

(ঙ) “এমপিএল” অর্থ মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড,

(চ) “কোড” অর্থ কোম্পানির পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তার জন্য প্রযোজ্য কোড অব কন্ডাক্ট বোঝাবে।

### ৩) প্রয়োগের ক্ষেত্র :

এই কোড কোম্পানির পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তার জন্য প্রযোজ্য হইবে।

### ৪) মূল বিবেচ্য বিষয়সমূহ :

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা কোম্পানির সংঘবিধিতে বর্ণিত ক্ষমতাবলে অর্পিত দায়িত্ব পালন করিবেন এবং প্রাসঙ্গিক নীতিমালা, কোড, নির্দেশিকার আলোকে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর পরিচালক পর্ষদ কর্তৃক সময় সময় প্রদত্ত এবং অর্পিত বিভিন্ন নির্দেশনা কোম্পানির স্বার্থে পালন করিবেন এবং নিম্নবর্ণিত কোড অব কন্ডাক্ট প্রতিপালন করিবেন :

#### ৪.১) বিচক্ষণতা :

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা:

- (ক) সততা, ন্যায়পরায়ণতা, নিরপেক্ষতা এবং কোম্পানির সর্বোচ্চ স্বার্থে তাদের কার্যক্রম পরিচালনা করিবেন।
- (খ) সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখার মাধ্যমে প্রতিষ্ঠানের স্বার্থ রক্ষা করিবেন।
- (গ) তাদের অর্পিত দায়িত্ব পালনকালে সংশ্লিষ্ট নীতিমালা, কোড, নির্দেশিকা এবং সময়ে সময়ে পরিচালক পর্ষদ কর্তৃক ইস্যুকৃত নির্দেশনাবলীর নির্ধারিত সীমার মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করিবেন।
- (ঘ) কোম্পানির সব ধরনের সম্পদ শুধুমাত্র কোম্পানির ব্যবসায়িক উদ্দেশ্যেই ব্যবহার করিবেন। কোন ব্যক্তিগত সুবিধা বা লাভের উদ্দেশ্যে ব্যবহার করিবেন না।
- (ঙ) জাতি, বর্ণ, লিঙ্গ, বয়স, ধর্ম, প্রতিবন্ধী বা অন্য কোন বেআইনী ভিত্তিতে বৈষম্যমূলক আচরণে বিরত থাকিবেন।

#### ৪.২) গোপনীয়তা :

- ক) পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা তাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালনকালে তথ্যের গোপনীয়তা রক্ষা করিবেন। মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ব্যবসা, ক্রেতাসাধারণ, সরবরাহকারীগণ, কর্মীগণ ইত্যাদির সাথে সম্পৃক্ত তথ্যবলীর গোপনীয়তা রক্ষা করিতে হইবে; যাহা সর্বসাধারণের জন্য সহজলভ্য নয় কিন্তু কোম্পানির পরিচালক পর্ষদে থাকার কারণে অভিগমনের ক্ষমতা অথবা তথ্য পাওয়ার অধিকার রহিয়াছে।
- খ) আইনের দ্বারা প্রয়োজনীয় না হইলে, দায়িত্ব পালনকালে প্রাপ্ত কোন তথ্য ফাঁস/প্রকাশ করা যাইবে না এবং তথ্যসমূহ ব্যক্তিগত লাভের জন্যও ব্যবহার করা যাইবে না।

#### ৪.৩) স্বার্থ সংশ্লিষ্ট দ্বন্দ্ব :

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা:

- ক) কোম্পানির স্বার্থের সাথে সম্পৃক্ত অথবা দ্বন্দ্ব হইতে পারে এমন কোন ব্যবসায়, সম্পর্ক বা ক্রিয়াকলাপে জড়িত থাকিবেন না।
- খ) সরাসরি অথবা পরোক্ষভাবে অথবা তৃতীয় পক্ষের পক্ষ হয়ে যে কোন লেনদেন অথবা অন্য বিষয় যা কোম্পানিকে প্রভাবিত করিতে পারে এইরূপ কোন বিষয়ে জড়িত থাকিলে তাহা কোম্পানির পরিচালক পর্ষদের কাছে প্রকাশ করিবে।



ক্রমশ .... পৃ/৩



- গ) অন্যান্য ব্যক্তি, ফার্ম বা প্রতিষ্ঠানের সাথে বিদ্যমান সম্পর্ক তৎক্ষণাৎ প্রকাশ করিবেন; যেখানে উক্ত সম্পর্ক কোম্পানিতে তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে বা স্বাধীন ভাবে সিদ্ধান্ত গ্রহণে প্রভাবিত করতে পারে বলে প্রতীয়মান হয়।
- ঘ) স্বার্থ সংশ্লিষ্ট সকল লেনদেন বা কার্যক্রম আইন অনুযায়ী সম্পন্ন করিতে হইবে এবং তাহা পরিপূর্ণ ভাবে পরিচালক পর্ষদকে অবহিত করিতে হইবে।
- ঙ) সবসময় কোম্পানির সর্বোত্তম স্বার্থে কাজ করবেন।

#### ৪.৪) আইন, বিধি ও প্রবিধান প্রতিপালন :

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা:

- ক) কোম্পানির ব্যবসা পরিচালনায় প্রয়োজ্য নিয়ন্ত্রক সংস্থার জন্য প্রয়োজনীয় এবং অন্যান্য আইন প্রতিপালন নিশ্চিত করিবেন এবং কোন নির্দেশনা দেওয়া অথবা সিদ্ধান্ত গ্রহণের পূর্বে প্রাসঙ্গিক নিয়ন্ত্রক ও আইনগত প্রয়োজনীয়তা সমূহ বিবেচনা করিতে হইবে।
- খ) কোম্পানির ব্যবসা পরিচালনায় সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান প্রতিপালন করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

#### ৪.৫) সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ :

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা:

- ক) মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড কোম্পানির অপ্রকাশিত মূল্য সংবেদনকারী তথ্য ব্যবহার করিয়া কোম্পানির শেয়ার ক্রয়- বিক্রয় বা বিনিয়োগ পরামর্শ প্রদান করিয়া কোন সুবিধা অর্জন করিবেন না অথবা অন্য কাউকে সুবিধা অর্জনে সহায়তা করিবেন না, যাহা সুবিধাভোগী ব্যবসা হিসেবে বিবেচিত।
- খ) কোম্পানি আইন ১৯৯৪, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং চিটাগাং স্টক এক্সচেঞ্জ, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড কর্তৃক ইনসাইডার ট্রেডিং বিষয়ক সময় সময় জারীকৃত প্রয়োজ্য বিধি এবং প্রবিধানসমূহ প্রতিপালন করিবেন।

#### ৪.৬) নিরাপদ এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ :

- ক) পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা কঠোরভাবে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্ম-পরিবেশ বজায় রাখিয়া এবং কোম্পানির ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে শিল্প পরিবেশ সুরক্ষা সম্পর্কিত প্রবিধান মানিয়া চলিবেন।
- খ) প্রাকৃতিক সম্পদের অপব্যবহার রোধকল্পে কোম্পানিকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হইবে এবং পরিষেবা প্রদানকালে প্রয়োজ্য আইন অনুসারে যে কোন পরিবেশগত বিপদজনক প্রভাব ন্যূনতম পর্যায়ে রাখিতে হইবে।

**৪.৭) কর্মীর সাথে সম্পর্ক :**

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা:

- ক) কোম্পানিতে মনোরম কর্মপরিবেশ এবং সৌহার্দ্যপূর্ণ নিয়োগকর্তা-কর্মী সম্পর্ক বজায় রাখিবার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।
- খ) কোম্পানিতে একটি দক্ষ এবং প্রতিযোগিতামূলক মানব সম্পদ ব্যবস্থা গড়িয়া তুলিবেন এবং দক্ষতার সাথে কোম্পানির লক্ষ্য অর্জনে সহায়ক মানব সম্পদ নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন করিবেন।

**৪.৮) গ্রাহক এবং সরবরাহকারীদের সাথে সম্পর্ক :**

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা:

- ক) সরকারের নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান অনুসরণ পূর্বক গ্রাহকদের নিকট পণ্য (পেট্রোলিয়াম পণ্য এবং লুব্রিকেন্টস) বিতরণ এবং বিপণনের বিষয়টি নিশ্চিত করিবেন।
- খ) কোন সমস্যা দেখা দিলে কোম্পানি কর্তৃক গ্রাহক এবং সরবরাহকারীদের সহায়তার বিষয়টি নিষ্পত্তি করিবেন।
- গ) গ্রাহকের চাহিদা অনুসারে সম্পূর্ণ সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে তাদের সর্বোচ্চ মানের পণ্য, সেবা এবং দক্ষতা সম্পন্ন বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য কোম্পানির দায়বদ্ধতা নিশ্চিত করিবেন।

**৪.৯) স্বাধীনতা :**

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা স্বাধীন এবং বস্তুনিষ্ঠভাবে তাহাদের দায়িত্ব পালন করিবেন। কোম্পানি পরিচালনায় তাহাদের স্বাধীনতা অথবা বস্তুনিষ্ঠতা অথবা দাপ্তরিক দায়িত্ব পালন ক্ষতিগ্রস্ত করে বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এমন কার্যকলাপ পরিহার করিবেন।

**৫) কোড প্রতিপালন :**

পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা:

- ক) এই কোড মানিয়া চলিবার জন্য দায়বদ্ধ থাকিবেন। এই কোডটি অগ্রহণযোগ্য আচরণের প্রতিটি সম্ভাব্য রূপকে বিশেষভাবে উল্লেখ করে নাই। আশা করা যায় যে, পরিচালক পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা এই কোডটিতে বর্ণিত নীতিমালা মানিয়া সঠিক সিদ্ধান্ত গ্রহণ করিবেন।
- খ) যে কোন পরিস্থিতিতে এই কোডের মূলনীতির লঙ্ঘন এড়াতে দায়বদ্ধ থাকিবেন।
- গ) যদি কখনো এই কোডের আওতা এবং ব্যাখ্যা অথবা কোন নির্দিষ্ট পরিস্থিতিতে এর প্রয়োগ সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপিত হয় তবে তাহা সমাধানের জন্য কোম্পানির আইন বিভাগের কাছে অর্পণ করতে হবে।

**৬) কোড অব কন্ট্রোল এর সংশোধনী/পরিবর্তন :**

- ক) এই কোডের বিধানগুলি সময়ে সময়ে নমিনেশন এন্ড রেমুনারেশন কমিটির সুপারিশের ভিত্তিতে পরিচালনা পর্ষদ সংশোধন/পরিবর্তন করিতে পারিবে। যে কোন সংশোধনী/পরিবর্তন, সংশোধন/পরিবর্তনের তারিখ হইতে কার্যকর হইবে।



ক্রমশ .... পৃ/৫



(০৫)

খ) পরিচালনা পর্ষদের চেয়ারম্যান, অন্যান্য পর্ষদ সদস্য এবং প্রধান নির্বাহী কর্মকর্তা এ জাতীয় সংশোধন/পরিবর্তন সম্পর্কে যথাযথভাবে অবহিত হইবেন।

গ) যেহেতু বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর 'কর্পোরেট গভর্নেন্স কোড বিষয়ক জারীকৃত নোটিফিকেশন' ইংরেজীতে প্রণীত সেহেতু বর্ণিত কোড অব কন্ডাক্ট এর ক্ষেত্রে স্পষ্টতার জন্য ইংরেজী সংস্করণ প্রাধান্য পাইবে।

৭) কোড অব কন্ডাক্ট প্রকাশ :

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক কর্পোরেট গভর্নেন্স কোড বিষয়ক জারীকৃত নোটিফিকেশন নম্বর বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখ ০৩ জুন, ২০১৮ এর ১ (৭)(খ) ধারার শর্ত অনুসারে এ কোড অব কন্ডাক্ট এবং এর যে কোন সংশোধনী কোম্পানির <https://www.mpl.gov.bd> ওয়েব সাইটে প্রকাশ করা হইবে।

  
০৫ জুন ২০১৮  
মোঃ আনিছুর রহমান  
চেয়ারম্যান, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এবং  
সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ